



শিক্ষা জরিপ কার্যক্রম শুরু ২০ সেপ্টেম্বর

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান-ব্যুরো (ব্যানবেইস) পরিচালিত দেশব্যাপী ২০১৬ সালের শিক্ষা জরিপ কার্যক্রম শুরু হচ্ছে আগামী ২০ সেপ্টেম্বর। অনলাইনে মাসব্যাপী এ জরিপের মাধ্যমে ৪০ হাজার মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের বিস্তারিত তথ্য সংগ্রহ করা হবে। জরিপের তথ্য সংগ্রহের ছক চূড়ান্ত করতে এবং জরিপ পরিচালনা কৌশল নির্ধারণে মঙ্গলবার রাজধানীর পলাশীতে ব্যানবেইস মিলনায়তনে এক কর্মশালার আয়োজন করা হয়েছে। কর্মশালায় শিক্ষামন্ত্রী নরুল ইসলাম নাহিদ বলেন, 'বিন্যামূল্যে পাঠ্যপুস্তক, উপবৃত্তি, টিউশ ফি মওকুফ, বিদ্যালয়ে দুপুরের খাবার সরবরাহ, দরিদ্র শিক্ষার্থীদের জন্য ইংরেজি, গণিত ও বিজ্ঞানের অতিরিক্ত অস্থায়ী শিক্ষক নিয়োগের মতো শিক্ষাব্যবস্থার কর্মসূচি বাস্তবায়নের ফলে বর্তমান সরকারের আমলে শিক্ষার্থী বারোপড়া ব্যাপক হারে কমেছে। অতিরিক্ত শিক্ষার্থীর চাপে বিভিন্ন পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠানে অবকাঠামোগত সমস্যা দেখা দিচ্ছে। গত সাড়ে সাত বছরে সারা দেশে ১১ হাজার স্কুল, কলেজ, মাদ্রাসায় নতুন ভবন নির্মাণ করা হয়েছে।' ব্যানবেইস পরিচালিত শিক্ষা জরিপ অবকাঠামো নির্মাণ ও শিক্ষা উপকরণ সরবরাহ পরিকল্পনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা প্রকাশ করেন মন্ত্রী।